চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ৩০, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচিপত্র

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র ২

উপক্রমণিকা ৩

সেকশন ১: কোম্পানির রূপকল্প(Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি ৪

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৫

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৬

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা ১৩

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of JOCL)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ:
যমুনা অয়েল কোম্পানী লিমিটেড বিগত ৩(তিন) বছরে (২০১৭-১৮ হতে ২০১৯-২০) মোট ৫০,৫৪,৫৯৪ মে. টন পরিশোধিত জ্বালানি তেল বাজারজাত করেছে। বিদ্যুৎ কেন্দ্রসহ দেশের জ্বালানি তেলের সার্বিক চাহিদা মেটানোর নিমিত্তে নিরবচ্ছিন্ন সরবরাহের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

জ্বালানি তেল গ্রহণ, মজুদ ও সরবরাহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে জ্বালানি তেল পরিমাপের ক্ষেত্রে প্রধান স্থাপনায় ম্যানুয়েল সিস্টেমের পরিবর্তে আধুনিক **"রাডার টাইপ অটো ট্যাংক গেজিং সিস্টেম"** এবং প্রধান স্থাপনাসহ ৬টি ডিপোর ইনভয়েস/একাউন্টিং সিস্টেম অটোমেশনের আওতায় আনা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
চাহিদা মোতাবেক মান সম্পন্ন পেট্রোলিয়াম প্রোডাক্ট ভোক্তাপর্যায়ে সরবরাহ নিশ্চিত করাই কোম্পানির জন্য একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যত পরিকল্পনা
তেল বিপণনের পাশাপাশি নিজস্ব অর্থায়নে কোম্পানির মালিকানাধীন অব্যবহৃত জমিতে আয় বর্ধক (Commercial) ভবন নির্মাণের আওতায় ইতোমধ্যে কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকায় অবস্থিত পল্ট নং-২ এ ০.৫৮৩ একর (৩৫কোঠা) জায়গার উপর ১ম ফেজে ২টি বেজমেন্টসহ দুইতলা ভবন নির্মাণ করা হয়েছে। ২য় ফেজে উক্ত দ্বি-তল ভবনের উপরে প্রস্তাবিত ২০তলা অফিস ভবনের অবশিষ্ট ১৮টি ফ্লোর নির্মাণের লক্ষ্যে "Construction of 20(Twenty) Storied Jamuna Office Building (Jamuna Bhaban) at Kawran Bazar, Dhaka (2nd Phase)-৩য় তলা থেকে ২০তম তলা" শীর্ষক প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। বর্তমানে উক্ত ভবনের ৮ তম তলা পর্যন্ত ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই,২০১৫-জুন,২০২১। পর্যায়ক্রমে কোম্পানির মালিকানাধীন অন্যান্য জমিতে এ ধরণের আয় বর্ধক প্রকল্প গ্রহণ করা হবে।

২০১৯-২০ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১। চলতি অর্থ বছরে জ্বালানি তেলের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পাওয়ায় জনগণ সরাসরি উপকৃত হবে। এতে কর্মঘন্টার অপচয় হ্রাস পাবে এবং নতুন নতুন কল-কারখানা স্থাপিত হবে। ফলে নতুন চাকুরীর সুযোগ সৃষ্টি হবে। কর্মক্ষেত্র বৃদ্ধির সাথে সাথে দরিদ্র জনগোষ্ঠির সংখ্যা হ্রাস পাবে।

২। কৃষি, যোগাযোগ, শিল্প ও বিদ্যুৎ খাতের উন্নয়নে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।

৩। পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্যাদির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।

উপক্রমণিকা

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য(Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision):

দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার নির্ধারিত মূল্যে মানসম্মত পেট্রোলিয়াম পণ্য সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ।

১.২ অভিলক্ষ্য(Mission)

১. পেট্রোলিয়ামজাত পণ্য ক্রয়, মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিতকরণ;
২. পেট্রোলিয়াম সংশ্লিষ্ট অবকাঠামোর উন্নয়ন;
৩. বিপণন ও পরিচালন কার্যক্রমের আধুনিকিকরণ;
৪. বাজার চাহিদার সাথে মিল রেখে উদ্ভাবনী ব্যবসা নীতি এবং পণ্যের বহুমুখিতা আনয়ন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. বিপিসি হতে পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য ক্রয়;
২. দেশের সর্বত্র পেট্রোলিয়ামজাত পণ্যের সুষ্ঠু বিপণন;
৩. পেট্রোলিয়ামজাত পণ্যের পর্যাপ্ত মজুদ ও দক্ষ পরিবহণ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।
৪. দুষণমুক্ত জ্বালানী তেল নিশ্চিতকরণ।
৫. মানব সম্পদ উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. দাপ্তরিক কমৃকান্ডে স্বচ্ছতা বৃদ্ধিও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনায়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন।

১.৪ কোম্পানির কার্যাবলি (Functions):

১. সরকার ও বিপিসি'র নির্দেশনার আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য বিপণনের মাধ্যমে সেবা প্রদান করা;
২. ইআরএল, আমদানি এবং অন্যান্য স্থানীয় উৎস হতে জ্বালানি তেল গ্রহণ ও মজুদ করা;
৩. সারা দেশে নিরবচ্ছিন্নভাবে পেট্রোলিয়ামজাত পণ্যের সরবরাহ নিশ্চিত করা;
৪. গ্রাহক পর্যায়ে মানসম্পন্ন পণ্য সরবরাহ করা;
৫. জ্বালানি তেলের মজুদ ক্ষমতা, বিপণন ও সরবরাহ বৃদ্ধি করে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা;
৬. ডিপো/ প্রধান স্থাপনায় বিদ্যমান সুবিধাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দক্ষতার উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করা;
৭. বিনিয়োগের উপর যুক্তিসঙ্গত হারে আয় করা;
৮. অর্থনৈতিকভাবে লাভজনক ব্যয় সাশ্রয়ী প্রকল্প গ্রহণ করা;
৯. জ্বালানি তেল হ্যান্ডলিং নিরাপদ ও আধুনিকায়নের লক্ষ্যে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে অপারেশনাল ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ এবং পরিচালনগত মানদন্ড হালনাগাদ করা;
১০. কোম্পানির টেকসই উন্নয়নের জন্য কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা হালনাগাদ করা;
১১. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষ জনবল হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ ও পেশাগত মানোন্নয়নের পরিকল্পনা প্রণয়ন করা।

সেকশন-২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (unit)	ভিত্তি বছর ২০১৮-১৯	প্রকৃত অর্জন ২০১৯-২০	লক্ষমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
						২০২১-২২	২০২২-২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যর নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ	মাথাপিছু পিওএল-এর ব্যবহার(জেও সিএল এর ক্ষেত্রে)	কেজিওই (Kg Oil Equivalent)	৯.৮০	১০.৫০	১১.০০	১১.১০	১১.২০	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বিপিসি পরিকল্পনা কমিশন জাতীয় রাজস্ব বোর্ড বিএসইসি, ডিএসই, সিএসই ও আরজেএসসি পেট্রোবাংলা চবক বাংলাদেশ রেলওয়ে বি আই ডবিরউ টি এ বিপিসি'র অন্যান্য অঙ্গ প্রতিষ্ঠানসমূহ	১। কোম্পানির বার্ষিক প্রতিবেদন ২। বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো ওয়েবসাইট ৩। ইউ এন এফ পি এ

মোট জনসংখ্যা=১৬.৮ কোটি
মোট বিক্রয়=১৬.৫০ লক্ষ মে. টন (প্রায়)
কেজিওই= মোট বিক্রয়/ মোট জনসংখ্যা